

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৬৪(আগরতলা-০৯।০৯)  
ধর্মনগর, ০৯ সেপ্টেম্বর, ২০১৯

ধর্মনগরে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী পালনের প্রস্তুতি

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী পালন উপলক্ষে সম্প্রতি ধর্মনগরে জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২৬ সেপ্টেম্বর ধর্মনগর বিবেকানন্দ সার্থ-শতবার্ষিকী ভবনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মজয়ন্তী পালন করা হবে। বিধানসভার উপাধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য মোসুমী দেবনাথ, সমাজসেবী মলিনা দেবনাথ, রূপালী অধিকারি, উত্তর ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক চন্দন সরকার এবং শহরের বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক-শিক্ষিকাগণ সভায় উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান দীপাল দাস।

\*\*\*\*\*